

বিভাগীয় কমিশনার বিভাগীয় প্রশাসনের মূল নিয়ন্ত্রক। কেন্দ্রীয় প্রশাসনের কার্যাবলী বিভাগীয় পর্যায়ে বাস্তবায়নের ক্ষেত্রে বিভাগীয় কমিশনার তত্ত্বাবধান করেন। তাঁর দায়িত্বাবলী নিম্নোক্ত ভাবে বর্ণনা করা যায়:

১। প্রশাসনিক কার্যক্রম তদারকি:

বিভাগীয় কমিশনার বিভাগাধীন জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি) সহ প্রশাসনে কর্মরত কর্মকর্তা এবং কর্মচারীদের কার্যক্রম তদারকি করেন, প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন এবং এ সংক্রান্ত অগ্রগতি, মূল্যায়ন সময়ে সময়ে সরকারকে অবহিত করেন।

২। বদলি, পদায়ন সংক্রান্ত:

বিভাগীয় কমিশনার তাঁর বিভাগাধীন সকল জেলা এবং উপজেলায় সহকারী কমিশনার, সহকারী কমিশনার (ভূমি), উপজেলা নির্বাহী অফিসারদের বদলি এবং পদায়ন করেন। বিসিএস প্রশাসন ক্যাডারের নবনিযুক্ত কর্মকর্তাগণ বিভাগীয় কমিশনারের কার্যালয়ে যোগদান করেন। বিভাগীয় কমিশনার কার্যালয়ে নবনিযুক্ত কর্মকর্তাদের ৩ দিনের ওরিয়েন্টেশন ট্রেনিং প্রদানের পর কমিশনার মহোদয় তাদেরকে বিভিন্ন জেলায় পদায়ন করেন। তাছাড়া, ভূমি অফিসে কর্মরত ভূমি উপসহকারী ভূমি কর্মকর্তা, কানুনগো, সার্ভেয়ারদের বিভাগাধীন আন্তঃজেলা বদলি করেন।

৩। পরিদর্শন সংক্রান্ত:

তিনি নিয়মিতভাবে বিভাগাধীন সকল জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় পরিদর্শন করেন। তাছাড়া বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান দর্শন ও পরিদর্শন করেন।

৪। মাসিক সভা সংক্রান্ত:

বিভাগীয় কমিশনারের সভাপতিত্বে বিভাগীয় পর্যায়ে প্রতি মাসে টাস্ক ফোর্স সভা, বিভাগীয় আইন শৃঙ্খলা সভা, বিভাগীয় রাজস্ব সম্মেলন, বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা এবং ত্রৈমাসিকভাবে জেলা পরিষদের প্রধান নির্বাহী গণের সভা অনুষ্ঠিত হয়।

৫। প্রটোকল সংক্রান্ত:

বিভাগীয় কমিশনার বিভাগীয় পর্যায়ে প্রটোকল প্রধান। মাননীয় প্রধানমন্ত্রীর সফরকালে তিনি প্রধান প্রটোকল অফিসারের দায়িত্ব পালন করেন।

৬। আপিল আদালত পরিচালনা সংক্রান্ত:

বিভাগীয় কমিশনার রাজস্ব মামলা, নামজারি মামলার আপিলেট কর্তৃপক্ষ। এ সংক্রান্ত আপিল তিনি নিষ্পত্তি করেন।

৭। পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা সংক্রান্ত:

বিভাগীয় কমিশনার পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ডের এপিএমবি'র চেয়ারম্যান। তাঁর সভাপতিত্বে পরিত্যক্ত বাড়ি বরাদ্দ এবং বিক্রয় প্রস্তাব প্রদানের নিমিত্ত এপিএমবি সভা অনুষ্ঠিত হয়।

৮। প্রশিক্ষণ সংক্রান্তঃ

বিসিএস প্রশাসন ক্যাডারের নবযোগদানকৃত কর্মকর্তাদের ওরিয়েন্টেশন ছাড়াও মোবাইল কোর্ট, ম্যাজিস্ট্রেটসি, ভূমি সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করেন। তাছাড়া অন্যান্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষণের জন্য বিভাগীয় কমিশনার কর্মকর্তা-কর্মচারী মনোনয়ন প্রদান করেন।

৯। ক্রীড়া সংক্রান্তঃ

বিভাগীয় কমিশনার বিভাগীয় ক্রীড়া সংস্থার সভাপতি। বিভাগীয় ক্রীড়া সংস্থা বিভাগীয় পর্যায়ে বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করে থাকেন।

১০। অভিযোগ তদন্ত বিষয়কঃ

বিভাগীয় কমিশনার বিসিএস প্রশাসন ক্যাডারের কর্মকর্তা ছাড়াও যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে আনীত অভিযোগের তদন্তকার্য পরিচালনা করে থাকেন।

১১। ত্রাণ ও দুর্যোগ সংক্রান্তঃ

বিভাগাধীন জেলা এবং উপজেলায় ত্রাণ সামগ্রী বরাদ্দের বিষয় তদারকি করেন। তাছাড়া দুর্যোগকালীন সময়ে তিনি উদ্ধার কার্য মনিটরিং করেন।

১২। শিক্ষা সংক্রান্তঃ

বিভাগীয় কমিশনার পদাধিকার বলে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালন পর্ষদের সভাপতি।

১৩। গোপনীয় অনুবেদন সংক্রান্তঃ

বিভাগীয় কমিশনার তাঁর কার্যালয়ে কর্মরত অতিরিক্ত বিভাগীয় কমিশনার; পরিচালক, স্থানীয় সরকার এবং জেলা প্রশাসকগণের গোপনীয় অনুবেদন প্রদান করেন। বিভাগীয় কমিশনার কার্যালয়ে কর্মরত সহকারী কমিশনার, উপজেলা নির্বাহী অফিসার এবং অতিরিক্ত জেলা প্রশাসকগণের গোপনীয় অনুবেদন প্রতিস্বাক্ষর করেন।

১৪। বিভাগীয় নির্বাচনী বোর্ড সংক্রান্তঃ

বিভাগীয় কমিশনার পদাধিকার বলে বিভাগীয় নির্বাচনী বোর্ডের সভাপতি। এ বোর্ড তাঁর কার্যালয়, ডিআইজি'র কার্যালয়, পুলিশ কমিশনারের কার্যালয়, বিভাগাধীন জেলা প্রশাসকের কার্যালয়, পুলিশ সুপারের কার্যালয়ে তৃতীয় এবং ৪র্থ শ্রেণীর কর্মচারী নিয়োগ প্রক্রিয়া পরিচালনা করেন।